# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 30.06.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) দেশে আগামীকাল বলবৎ হতে চলেছে তিনটি নতুন ফৌজদারী আইন।

২) সাম্প্রতিক লোকসভা নির্বাচনে দেশের সংবিধান ও গণতান্ত্রিক ব্যবস্থার ওপর আস্থা রাখার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন।

টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর আকাশবাণীতে তাঁর প্রথম মন-কি-বাতে আজ ঐতিহাসিক হুল দিবসের তাৎপর্য তুলে ধরেন তিনি।

৩) দেশের সমস্ত প্রাণী-প্রজাতিকে নিয়ে কলকাতায় জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার একটি পোর্টালের আজ সূচনা করেছেন কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব।

৪) কুখ্যাত দুর্বৃত্ত সুবোধ সিং-কে বিহারের বেউড় জেল থেকে সিআইডি রাজ্যে নিয়ে এসেছে।

৫) গণ প্রহারে আরও একটি মৃত্যুর ঘটনা ঘটেছে ঝাড়গ্রামে।

৬) আজ ঐতিহাসিক হুল দিবস। রাজ্যে যথাযোগ্য মর্যাদায় দিনটি উদযাপন করা হচ্ছে।

৭) টালিগঞ্জ অগ্রগামীকে ৭-১ গোলে হারিয়ে কলকাতা প্রিমিয়ালীগ ফুটবলে অভিযান শুরু করল ইস্টবেঙ্গল।

ooooooooooooooooooooooooo

দেশে আগামীকাল বলবৎ হতে চলেছে তিনটি নতুন ফৌজদারী আইন। ভারতীয় দন্ডবিধি, ফৌজদারি দন্ডবিধি ও সাক্ষ্য আইনের জায়গা নেবে এই ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম- ২০২৩।

এর লক্ষ্য, প্রত্যেকের জন্য বিচার ব্যবস্থাকে আরও সুলভ, দক্ষ ও সহায়ক করে তোলা।

এজন্য পুলিশ এবং তদন্তকারী সংস্থাগুলিকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

তবে, আইনজীবী মহলের একাংশ এবং বিরোধীরা এখনই নতুন ফৌজদারী আইন বলবৎ না করার জন্য কেন্দ্রকে অনুরোধ জানিয়েছেন। তাঁদের মতে এনিয়ে আরও আলোচনা হওয়া প্রয়োজন।

oooooooooooooooooo

সাম্প্রতিক লোকসভা নির্বাচনে দেশের সংবিধান ও গণতান্ত্রিক ব্যবস্থার ওপর আস্থা রাখার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করে বলেছেন বিশ্বের বৃহত্তম নির্বাচন ছিল এই লোকসভা ভোট।

টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হবার পর আকাশবাণীতে আজ তাঁর প্রথম ‘মন কি বাত’-এর শুরুতেই একথা বলেন তিনি।

(বাইট – ডেমোক্র্যাসি)

৩০শে জুন ‘হুল দিবস’-কে দেশের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ দিবস হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আদিবাসী গণ আন্দোলনের প্রবাদপ্রতিম নেতা বীর সিদো ও কানহু ব্রিটিশ শাসকদের সঙ্গে সাহসের সঙ্গে লড়াই করে

শহীদ হয়েছিলেন। তাঁদের এই আত্মত্যাগ দেশবাসীকে আজ'ও প্রেরণা যোগায়।

তিনি বলেন, এবছর বিশ্ব পরিবেশ দিবসে 'এক পেড় মা-কে নাম' বা মায়ের নামে একটি গাছ অভিযানের মাধ্যমে পরিবেশ সুরক্ষিত রাখার বার্তা দেওয়া হয়েছে।

( বাইট- বৃক্ষরোপণ)

যোগাভ্যাসের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, সমগ্র বিশ্বে আন্তর্জাতিক যোগ দিবস উৎসাহের সঙ্গে পালন করা হয়ে থাকে। দেশবাসীকে নিয়মিত যোগাভ্যাস করার আহ্বান জানান তিনি।

( বাইট- যোগা )

নদীয়ার শান্তিপুরের আরপাড়া গ্রামে বহু মানুষ রেডিওতে শ্রী মোদীর 'মন কি বাত' শোনেন। রাণাঘাটের সাংসদ জগন্নাথ সরকার'ও সেখানে উপস্থিত ছিলেন।

হাওড়ার উলুবেড়িয়া এবং শ্যামপুরেও, মন কি বাত অনুষ্ঠান শুনতে অনেকে হাজির হন।

০০০০০০০০০০০০০০০০০০

জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া জেডএসআই, সমস্ত প্রাণী প্রজাতিকে নিয়ে একটি চেকলিস্ট পোর্টাল চালু করেছে। সংস্থার ১০৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কলকাতায় আজ এক অনুষ্ঠানে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন দপ্তরের মন্ত্রী ভূপেন্দ্র যাদব, ফনা অফ্ ইন্ডিয়া চেকলিস্ট পোর্টালের আনুষ্ঠানিক সূচনা করেন। তিনি বলেন, সারা বিশ্বে ভারতই প্রথম, বর্তমান

সব ধরনের প্রাণীর বিভিন্ন প্রজাতির তথ্য পোর্টালে নথিভুক্ত করলো। এখানে প্রতিটি প্রাণী প্রজাতির নাম, ছবি ও প্রাপ্তিস্থান এবং ১২১টি চেকলিস্টে ১লক্ষ ৪হাজার ৫৬১টি প্রজাতির উল্লেখ রয়েছে।

অনুষ্ঠানে অ্যানিম্যাল ডিসকভারিস ২০২৩ এবং প্ল্যান্ট ডিসকভারিস ২০২৩ নামে দুটি বইও মন্ত্রী প্রকাশ করেন। জেডএসআই-এর সঙ্গে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের দশটি মউ স্বাক্ষরিত হয়। এই উপলক্ষে বন ও পরিবেশ মন্ত্রী, অ্যানিম্যাল ট্যাক্সোনমি সামিট ২০২৪-এরও উদ্বোধন করেন। আগামীকাল থেকে ৩রা জুলাই পর্যন্ত এই সম্মেলনে বিশ্বের বিভিন্ন দেশের গবেষকরা অংশ নেবেন। জেডএসআই-এর অধিকর্তা ধৃতি বন্দ্যোপাধ্যায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর 'এক পের মা কে নাম' অভিযানের অঙ্গ হিসেবে শিশুরা চারা গাছ রোপন করে। সরাসরি শোনানো হয় প্রধানমন্ত্রীর 'মন কি বাত'।

oooooooooooooooooo

বিহারের বেউড় জেল থেকে কুখ্যাত দুর্বৃত্ত সুবোধ সিংকে সিআইডি আজ রাজ্যে নিয়ে এসেছে। তার বিরুদ্ধে খুন, ডাকাতি, অপহরণ, ব্যবসায়ীদের হুমকি, হামলা চালানোর মতো বহু অপরাধে জড়িত থাকার অভিযোগ রয়েছে। জেলে বসেই সে এইসব কার্যকলাপ চালাতো বলে সিআইডি সূত্রে খবর। 2022 সালে রানীগঞ্জের ব্যবসায়ী সুন্দর ভালোটিয়ার অপহরণ মামলায় আজ সুবোধকে ট্রানজিট রিমান্ডে বেউড় জেল থেকে এনে আসানসোল আদালতে তোলা হয়। একদিনের জেল হেফাজতে পাঠিয়ে আগামীকাল ফের তাকে আদালতে হাজির করার নির্দেশ দিয়েছেন বিচারক।

রানীগঞ্জে সোনার দোকানে ডাকাতি, ডোমজুড়, চন্ডীপুরে ডাকাতি, মনীশ শুক্লা ও রাজু ঝার খুন, ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এলাকায় বিটি রোডের ওপর ব্যাবসায়ী অজয় মন্ডলের গাড়ী লক্ষ্য করে গুলি বর্ষণ ও তাঁকে হুমকীর ঘটনায় সুবোধ সিং মূল চক্রী বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০

চোর সন্দেহে গণপিটুনির জেরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হল এক ২৩ বছরের যুবক। মৃত্যুর সঙ্গে হাসপাতালে পাঞ্জা লড়ছেন ২২ বছরের বন্ধু অক্ষয় মাহাতো। আজ সকালে ঝাড়গ্রাম মেডিক্যাল, কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় সৌরভ সাউ নামে এক যুবকের। সৌরভের বাড়ি ঝাড়গ্রাম শহরের বেনাগেড়িয়া এলাকায় । তার বন্ধু অক্ষয়েরও বাড়ি বেনাগেড়িয়াতে। সৌরভের পরিবার সূত্রে জানা গিয়েছে, চলতি মাসের ২২ তারিখ সৌরভ তার মায়ের স্কুটি নিয়ে তার বন্ধুর সঙ্গে জামবনি থানার অন্তর্গত খাটখুরা এলাকায় কোন কাজের সূত্রে যায়। খাটখুরা থেকে ফেরার সময় এলাকার মানুষজন চোর সন্দেহে সৌরভ ও তার বন্ধু অক্ষয়কে গণপিটুনি দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

বৌবাজার ও সল্টলেকে মোবাইল চোর সন্দেহে গণপ্রহারে দু-জনের মৃত্যুর পর হুগলীর পান্ডুয়ায় বচসার জেরে মার খেয়ে এক যুবকের মৃত্যু হয়েছে। জানা গেছে, গত বৃহস্পতিবার আশিষ বাউল দাস নামে বছর ২৫-এর ওই যুবককে বেধড়ক মারধোর করা হয়। গুরুতর জখম অবস্থায় প্রথমে চুচূঁড়ার ইমামবাড়া হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে, গতরাতে কলকাতায় নিয়ে আসার পথেই মৃত্যু হয় তাঁর। এই ঘটনায় লাল্টু ও শুভঙ্কর বাউল দাস নামে দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ।

oooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের চোপড়ার লক্ষ্মীপুরে পরকীয়া সম্পর্কের জন্য গ্রামবাসীদের সালিশিসভায় যুগলকে গণ পিটুনি দেওয়ার অভিযোগ উঠেছে। সি পি আই এম নেতা মহম্মদ সেলিমের এক্স হ্যান্ডেলে এই ছবি পোস্ট হওয়ার পর তা নিয়ে চাঞ্চল্য ছড়ায়। বিবাহিত ওই দুজনকে ধরে সালিশিসভা বসায় গ্রামবাসীরা। গণ পিটুনি দেওয়ার পর তাদের পুলিশ, ডাক্তার বা সংবাদ মাধ্যমের কাছে না যাওয়ার হুমকি দেওয়া হয় বলে অভিযোগ। আর্থিকভাবে জরিমানাও করা হয়।

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন এই ঘটনার তীব্র নিন্দা করেছে।

অন্যদিকে, চোপড়ার বিধায়ক হামিদুর রহমান বলেছেন, সমাজে পরকীয়া সম্পর্ক গ্রহণযোগ্য নয়, তবে, এধরনের ঘটনা না হলেই ভালো হতো।

তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি কানাইলাল আগরওয়াল, ঘটনাটিকে ধিক্কার জানিয়েছেন।

এপ্রসঙ্গে, বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন,

(বাইট – সুকান্ত)

oooooooooooooooooo

বেআইনী নির্মান নিয়ে দুটি গোষ্ঠীর মধ্যে ঝামেলার জেরে ইটবৃষ্টি ও বোমাবাজির ঘটনায় আজ সকালে হাওড়ার ডোমজুড় থানার বাঁকড়ার মুন্সীডাঙ্গা শেখ পাড়া উত্তপ্ত হয়ে ওঠে।

এই ঘটনায় ফারুক শেখ ও মিন্টু ওরফে মফিজুল সহ পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ, বাঁকড়ার ঘটনা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেছেন ভিন রাজ্যের কয়েকটি দুষ্কৃতি চক্র এরাজ্যে সক্রিয় হওয়ার চেষ্টা করছে।

(বাইট – কুনাল)

oooooooooooooooo

আজ ঐতিহাসিক হুল দিবস। রাজ্যে যথাযোগ্য মর্যাদায় দিনটি উদযাপন করা হচ্ছে। কলকাতা সিদো-কানহু ডাহারে শহীদ বেদীতে মাল্যদান, শহীদদের স্মৃতি তর্পন সহ নানা অনুষ্ঠানের আয়োজন করে সিদো-কানহু মেমোরিয়াল অ্যাসোসিয়েশন।

ঝাড়গ্রামের বিনপুরে রাজ্য সরকার আয়োজিত মূল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মন্ত্রী বীরবাহা হাঁসদা, জেলাশাসক মৌমিতা গোদারা বসু, জেলা সভাধিপতি চিন্ময়ী মারান্ডি প্রমুখ। মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিকে জেলার কৃতি পড়ুয়াদের হাতে পুরষ্কার এবং প্রাপকদের হাতে কিছু সরকারী সুবিধা তুলে দেওয়া হয়।

জলপাইগুড়ি জেলার নাগরাকাটা আদিবাসী সংস্কৃতি চর্চা কেন্দ্রে রাজ্যের অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন দফতরের উদ্যোগে দিনটি পালন করা হয়। উপস্থিত ছিলেন দফতরের মন্ত্রী বুলুচিক বরাইক, জেলা সভাধিপতি কৃষ্ণা রায় বর্মন, বিধায়ক খগেশ্বর রায় প্রমুখ। জেলার কৃতি ছাত্রছাত্রীদের হাতে তুলে দেওয়া হয় আম্বেদকর মেধা পুরস্কারের শংসাপত্র ও পাঁচ হাজার টাকার চেক। বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্ট আদিবাসী ব্যক্তিত্বদের সম্বর্ধিত করা হয়। আদিবাসী মানুষজন দেওয়া হয় ধামসা মাদল।

oooooooooooooooooooo

উত্তর – পশ্চিম বঙ্গোপোসাগরের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তটি এখন পূর্ব ঝাড়খন্ড ও তার সংলগ্ন এলাকার ওপর অবস্থান করছে। এর সঙ্গে মিশে গেছে পূর্ব উত্তরপ্রদেশ ও লাগোয়া বিহারের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তটি। পাশাপাশি একটি অক্ষরেখা পশ্চিম আসাম থেকে উত্তর ওড়িশা পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর প্রভাবে উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর।

দক্ষিণবঙ্গে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা, দুই বর্ধমান, দুই ২৪ পরগনা, বীরভূম, মুর্শিদাবাদ ও বাঁকুড়ায়।

ooooooooooooooooooo

oooooooooooooooooo

ooooooooooooooooooo